# প্রধান উপদেষ্টার জাতিসংঘ ভাষণে বিএনপির আস্থা ও সন্তুষ্টি: ফখরুল ইসলাম



সংগৃহীত ছবি

জাতিসংঘ সাধারণ পরিষদে প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের ভাষণে ফেব্রুয়ারির নির্বাচনের বিষয়ে স্পষ্ট অবস্থানকে ইতিবাচক হিসেবে দেখছে বিএনপি। মহাসচিব মির্জা ফখরুল বলেন, বিরোধী দলগুলোকে সম্পৃক্ত করে জাতির ঐক্য প্রদর্শনের এ পদক্ষেপ বাংলাদেশে গণতন্ত্রের জন্য গুরুত্বপূর্ণ।

জাতিসংঘ সাধারণ পরিষদে শুক্রবার (২৬ সেপ্টেম্বর) রাতে ভাষণ দেন অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস। তার ভাষণে ফেব্রুয়ারির জাতীয় নির্বাচনের নিশ্চয়তা ও গণতন্ত্রের বার্তা তুলে ধরা হয়।

ভাষণ নিয়ে প্রতিক্রিয়া জানাতে গিয়ে বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর নিউইয়র্কের ম্যানহাটনের গ্র্যান্ড হায়াত হোটেলে সাংবাদিকদের বলেন, “ফেব্রুয়ারির নির্বাচন নিয়ে কোনো সংশয় নেই। প্রধান উপদেষ্টা খুবই জোরালোভাবে বার্তা দিয়েছেন। আমরা নিশ্চিত—২০২৬ সালের ফেব্রুয়ারিতেই জাতীয় নির্বাচন হবে।”

তিনি আরও বলেন, “আমরা আনন্দিত যে, প্রথমবারের মতো বিরোধী রাজনৈতিক দলগুলোকে সরকারী কাজে সম্পৃক্ত করে জাতিসংঘে নিয়ে যাওয়া হয়েছে। এটি জাতির ঐক্যের প্রতিফলন এবং বাংলাদেশের রাজনৈতিক প্রেক্ষাপটে এক গুরুত্বপূর্ণ পদক্ষেপ। এজন্য আমরা তাকে সহযোগিতা করেছি এবং আমাদের নেতা তারেক রহমানও সমর্থন জানিয়েছেন।”

প্রপোরশনাল রিপ্রেজেন্টেশন (পিআর) প্রসঙ্গে প্রশ্ন করা হলে ফখরুল বলেন, “আমরা নিম্নকক্ষে পিআরের পক্ষে নই। তবে ভবিষ্যতে আলোচনার মাধ্যমে সমাধান সম্ভব।”

এসময় বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা হুমায়ুন কবিরও উপস্থিত ছিলেন।